# ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
মাদরাসা পরিদর্শন দফতর
www.iau.edu.bd iauins13@gmail.com
বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।


স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/ঢা-৯০/২০১৬/১৫২৬৭ তারিখ: ২৭ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ / ১২ অক্টোবর ২০২৫ খ্রিষ্টাব্দ

## অফিস আদেশ

সবজানেসা মহিলা কামিল মাদরাসা, ডাকঘর: পূর্ব খাবাসপুর, উপজেলা: সদর, জেলা: ফরিদপুর-এর কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদি হাদিস বিভাগের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ২৭-০২-২০২৫ তারিখের জমাকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়নের তৃতীয় সংবিধি ২০২৩ অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের প্রেক্ষিতে মাদরাসাটির কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদি হাদিস বিভাগ নিম্নবর্ণিত শর্তে ০৯-০৮-২০২৫ থেকে ০৮-০৮-২০২৯ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো:

শর্তসমূহ :

১. যেসমস্ত শ্রেণিকক্ষে বৃষ্টির পানি পড়ে তা অতি জরুরিভিত্তিতে মেরামতের ব্যবস্থা করতে হবে এবং সকল শ্রেণিতে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধির পাশাপাশি শ্রেণিকক্ষে পর্যাপ্ত আলো-বাতাসের ব্যবস্থা করতে হবে;

২. মাদরাসার আঙিনা ও শ্রেণিকক্ষ পরিস্কার পরিচ্ছন্ন রাখতে হবে এবং প্রয়োজনে পানি নিস্কাশনের জন্য জরুরিভিত্তিতে ড্রেনেজ ব্যবস্থা করতে হবে;

৩. মূল কিতাব ও রেফারেন্স গ্রন্থ দিয়ে লাইব্রেরিকে সমৃদ্ধ করতে হবে এবং শিক্ষক ও শিক্ষার্থীদের লাইব্রেরিতে অধ্যয়নের জন্য প্রয়োজনীয় সংখ্যক চেয়ার, টেবিল ও আসবাবপত্রের ব্যবস্থা করার পাশাপাশি গ্রন্থাগারটিতে নতুন রেজিস্টারে ক্রমানুসারে সকল বইয়ের নাম লিপিবদ্ধকরণ, ডেসপাস রেজিস্টার খোলাসহ বই পড়ায় শিক্ষক ও শিক্ষার্থীদের উৎসাহিত করতে হবে;

৪. শূন্যপদসমূহ দ্রুত পূরণের ব্যবস্থা করতে হবে এবং শিক্ষার্থীদের হাজিরাখাতা ও কলামনার ক্যাশ বই হালনাগাদ রাখতে হবে;

৫. শিক্ষার্থীদের বিশেষ দক্ষতা অর্জনের জন্য ভাষা ক্লাব (আরবি, ইংরেজি, বাংলা), ডিবেইট ক্লাব, ক্রিয়েটিভ রাইটিং ক্লাব গঠন করতে হবে;

৬. মাদরাসার অবকাঠামের উন্নয়নের পাশাপাশি ক্লাসে অনুপস্থিত শিক্ষার্থীদের তদারকির জন্য ৩ (তিন) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করতে হবে;

৭. শিক্ষার্থীদেরকে আদব-আমল-আখলাক শেখানোর পাশাপাশি শিক্ষা-সহায়ক কার্যক্রম তথা সাপ্তাহিক জলসা, কেরাত, হামদ-নাত, বক্তৃতা (বাংলা, আরবি, ইংরেজি), ক্যালিওগ্রাফি, সাহিত্য চর্চা, নাটিকা, খেলাধুলা, দেয়ালিকা প্রকাশ, বার্ষিকী প্রকাশ, বিতর্ক-রচনা প্রতিযোগিতা ইত্যাদি বিষয়ের ওপর বিশেষ গুরুত্ব দিতে হবে;

৮. কুরআন শিক্ষার ওপর বিশেষ গুরুত্ব দেওয়ার পাশাপাশি আধুনিক ও যুগোপযোগী পাঠদানের লক্ষ্যে শিক্ষকদেরকে বিশেষ প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করতে হবে;

৯. গভর্নিং বডি কর্তৃক একাডেমিক কমিটি, ক্রয় কমিটি, অভ্যন্তরীণ অডিট কমিটি, সাংস্কৃতিক কমিটি গঠন করতে হবে;

১০. শিক্ষকবৃন্দের উপস্থিতি নিশ্চিত করত: ছুটি রেজিস্টারসহ ব্যক্তিগত ফাইল সংরক্ষণ করতে হবে এবং মাদরাসার সাইন বোর্ড ও প্যাডে বাংলা নামের পাশাপাশি আরবিতে মাদরাসার নাম এবং "ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত" কথাটি লিখতে হবে;

১১. বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট নিয়মিত ভিজিট করার পাশাপাশি প্রতি ০৩ (তিন) মাস পরপর অভিভাবক সমাবেশ করতে হবে;

১২. অধিভুক্তি নবায়নের তারিখ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে;

মাননীয় ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে

১২/১০/২৫
(মোঃ আইউব হোসেন)
রেজিস্ট্রার ও মাদরাসা পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)
মোবাইল: ০১৭০৫ ৪০৮০০১

অধ্যক্ষ, সবজানেসা মহিলা কামিল মাদরাসা
ডাকঘর: পূর্ব খাবাসপুর, উপজেলা: সদর, জেলা: ফরিদপুর।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/ঢা-৯০/২০১৬/১৫২৬৭ তারিখ: ২৭ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ / ১২ অক্টোবর ২০২৫ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশীবাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
৪. পিএস টু ভিসি (দায়িত্বপ্রাপ্ত), ভাইস চ্যান্সেলর দপ্তর (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, সবজানেসা মহিলা কামিল মাদরাসা, ডাকঘর: পূর্ব খাবাসপুর, উপজেলা: সদর, জেলা: ফরিদপুর।
৭. অফিস নথি।

12.10.2025
(আরিফ আহমদ)
সহকারী মাদরাসা পরিদর্শক
মোবাইল: ০১৭১৯ ৯৫০৭৭৫